গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরদী, নরসিংদী
পবিত্র মাহে রমজান ২০২৫ খ্রি. উপলক্ষ্যে বাজার মনিটরিং বিষয়ক প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : এম.এ. মুহাইমিন আল জিহান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
তারিখ : ২৬ /০২/২০২৫ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মনোহরদী, নরসিংদী।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, আগামী ০২ মার্চ ২০২৫ খ্রি. তারিখে থেকে শুরু হতে যাচ্ছে পবিত্র মাহে রমজান, সিয়াম সাধনার মাস। সিয়াম সাধনার মাসে খাবারে ভেজাল ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি প্রতিরোধ কঠোর হতে সরকারের নির্দেশনা রয়েছে। অত:পর পবিত্র মাহে রমজান যথাযথ ধর্মীয় ভাবগাম্ভীর্য এবং পবিত্রতা অক্ষুন্ন রেখে পালনের জন্য করণীয় সম্পর্কে সকলের মতামত আহ্বান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা ও সুচিন্তিত মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	স্যানিটারি ইন্সপেক্টর, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: পবিত্র মাহে রমজান মাসে বিশুদ্ধ খাবারের বিপণন নিশ্চিত করার লক্ষ্যে খোলা অবস্থায় ইফতারি বিক্রি, খাদ্যে রং মেশানো, দুধে পানি, পণ্যের মূল্য তালিকা টানানো ও ভেজাল খাদ্য পরিবেশন বন্ধের লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং, মাইকিং এবং মোবাইল কোর্ট পরিচালনা করার অনুরোধ করেন।	১। বাজারে ভেজাল খাদ্য পরিবেশন বন্ধের লক্ষ্যে মাইকিং, প্রচার প্রচারনা, মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। স্যানিটারি ইন্সপেক্টর, মনোহরদী, নরসিংদী। ৫। সংশ্লিষ্ট বাজার কমিটি, মনোহরদী, নরসিংদী।
০২	মোঃ ফিরোজ পালোয়ান, ভাই ভাই হোটেল এন্ড সুইটমিট, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: আসন্ন পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ভাই ভাই হোটেল এন্ড সুইটমিট এ সম্পূর্ণ হালাল এবং নিরাপদ খাদ্য পরিবেশন করা হয়। উক্ত খাদ্যে কোন প্রকার ভেজাল ও রং মিশ্রিত খাদ্য বা ইফতারি প্রস্তুত করা হয় না। মাহে রমজান উপলক্ষ্যে ভ্রাম্যমাণ দোকান গুলোতে রং মিশ্রিত ইফতারি বিক্রি হতে পারে এ ব্যাপারে উক্ত দোকান ব্যবসায়িদের মিটিং এর সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে।	১। মাহে রমজান উপলক্ষ্যে ভেজাল খাদ্য প্রতিরোধ সচেতনতামূলক কার্যক্রম অব্যহত থাকবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। স্যানিটারি ইন্সপেক্টর, মনোহরদী, নরসিংদী। ৫। সংশ্লিষ্ট বাজার কমিটি, মনোহরদী, নরসিংদী।
০৩	মোঃ জুয়েল রানা, মেসার্স রিয়াজ ট্রেডার্স, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: আসন্ন পবিত্র মাহে রমজানকে কেন্দ্র করে মনোহরদী বাজারে সবজির মূল্য দ্রুত বেড়ে যায়। সবজির মূল্য নির্ধারণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।	১। রমজান উপলক্ষ্যে সবজির মূল্য সহনীয় পর্যায়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২।অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। স্যানিটারি ইন্সপেক্টর, মনোহরদী, নরসিংদী।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪	আব্দুল গণি ফরাজী, সাবেক চেয়ারম্যান, শুকুন্দি ইউনিয়ন পরিষদ, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: মাহে রমজান উপলক্ষ্যে মনোহরদী উপজেলার বড় বড় বাজার গুলোতে নিয়মিত বাজার মনিটরিং করার উপর গুরুত্ব আরোপ করেন। বাজারে মাংসের দোকান গুলোতে রমজানে মাংসের চাহিদা বেড়ে যায়, এক্ষেত্রে বাজার গুলোতে সুস্থ্য পশু যেন জবাই হয় তা নিশ্চিত করার অনুরোধ করেন।	১। মাহে রমজান উপলক্ষ্যে বাজারের মাংসের দোকানে সুস্থ্য পশু জবাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী ৪।স্যানিটারি ইন্সপেক্টর, মনোহরদী, নরসিংদী।
০৫	জনাব বাবুল আকন্দ, মনোহরদী বাজার পরিচালনা কমিটি, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: রমজানে পণ্য মূল্য স্থিতিশীল রাখার জন্য বাজার গুলোতে অবৈধ সিন্ডিকেট ব্যবসায়িদের আইনের আওতায় আনার অনুরোধ জানান।	১। অবৈধ ব্যবসায়িদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২।অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
০৬	মোস্তফা হোসেন শিকদার, সভাপতি, একদুয়ারিয়া ইউনিয়ন বি এন পি, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: আসন্ন মাহে রমজানকে কেন্দ্র করে হাতিরদিয়া বাজার নিয়মিত মনিটিরং করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেন। হাতিরদিয়া বাজারে স্থানীয় কৃষি পণ্যের আমদানি বেশি হওয়ায় পণ্য মুল্য সহনীয় পর্যায়ে থাকে। বাজারে অবৈধ ব্যবসায়িদের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ করেন।	১। মাহে রমজানে নিয়মিত বাজার মনিটরিং এবং অবৈধ ব্যবসা প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ২।অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
০৭	মোঃ কামরুজ্জামান বকুল, সভাপতি, মনোহরদী বাজার, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: আসন্ন মাহে রমজানকে কেন্দ্র করে মনোহরদী বাজার নিয়মিত মনিটিরং করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেন। নিত্যপণ্যের দোকান গুলোতে দৃশ্যমান স্থানে পণ্যের বাজার মূল্য উল্লেখ করার অনুরোধ জানান। কোন দোকানে যেন অবৈধ মালামাল পাওয়া না যায়, পাওয়া গেলে শাস্তি মুলক ব্যবস্থা গ্রহণ করা হবে।	১। মাহে রমজানে নিয়মিত বাজার মনিটরিং এবং অবৈধ মালামাল বিক্রি হলে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
০৮	মুহাম্মদ নাছির উদ্দিন ফরিদী, হেফাজতে ইসলাম বাংলাদেশ, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: সিয়াম সাধনার এ মাসে জন সাধারণের স্বাভাবিক কেনা কাটায় যেন কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে তাই নিয়মিত বাজার মনিটরিং করার অনুরোধ করেন। মাহে রমজান উপলক্ষ্যে ব্যবসায়িদের স্বল্প মূল্যে নিত্য পণ্য বিক্রির জন্য ব্যবসায়িদের আহ্বান করেন।	১। নিয়মিত বাজার মনিটরিং এর পাশা-পাশি ব্যবসায়িদের স্বল্প মূল্যে নিত্যপণ্য বিক্রয়ে আগ্রহী করে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। সংশ্লিষ্ট বাজার কমিটি।
০৯	জাহিদুল ইসলাম আয়াত, বৈষম্য বিরোধী ছাত্র-আন্দোলন, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: পবিত্র রমজান মাসে বিশুদ্ধ খাবার নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করার অনুরোধ করেন। নিত্য পণ্যের গুনগতমান ভিন্ন থাকার কারনে পণ্য মূল্য কম বেশি হতে পারে। এ বিষয়ে তদারকিতে প্রয়োজনে ছাত্ররা বাজার মনিটরিং এ অংশ নিবে।	১। নিত্য পণ্যের গুনগতমান সঠিক রাখা ও অবৈধ ব্যবসা প্রতিরোধে ছাত্র –প্রতিনিধিদের বাজার মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদ। ২। অফিসার ইনর্চাজ মনোহরদী, নরসিংদী। ৩।বৈষম্য বিরোধী ছাত্র-প্রতিনিধি,মনোহরদী, নরসিংদী ৪।সংশ্লিষ্ট বাজার কমিটি (সকল)

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১০	মোঃ জাহাঙ্গীর আলম, সহ-সাধারণ সম্পাদক, নরসিংদী জেলা জামায়াতে ইসলাম, নরসিংদী সভায় বলেন: পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং এর পাশাপাশি বাজারের মূল্য তালিকার সাথে বাজার কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের মোবাইল নাম্বার দেয়ার অনুরোধ করেন। ক্রেতাদের সুবিধার্থে মাইকিং করে নিত্য পণ্যের মূল্য নির্ধারণ করার অনুরোধ করেন। দিনের বেলায় খাবারের দোকানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যাতে রোজাদারদের কোন প্রকার অসুবিধা না হয়। রমজান মাসে বাজারে যানঝট নিরসরে স্বেচ্ছাসেবক টিম গঠন করার অনুরোধ করেন। বাজারের সিন্ডিকেট ব্যবসায়িদের আইনের আওতায় আনা ও নিয়মিত বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।	১। বাজারের মূল্য তালিকার সাথে বাজার কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের মোবাইল নাম্বার দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। নিত্য পণ্যে মূল্য নির্ধারণে মাইকিং করা যেতে পারে। ৩। দিনের বেলায় খাবারের দোকান গুলোতে পর্দা টানানো ও বাজারের যানঝট নিরসনে স্বেচ্ছাসেবক টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। অসাধু ব্যবসায়ি ও মজুদদারদের বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। সংশ্লিষ্ট বাজার কমিটি (সকল)মনোহরদী, নরসিংদী।
১১	জনাব আমিনুর রহমান সরকার দোলন, সদস্য সচিব, মনোহরদী উপজেলা বি.এন.পি. মনোহরদী, নরসিংদী সভায় বলেন: পবিত্র মাহে রমজান মাস উপলক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করার অনুরোধ করেন। মনোহরদী বাজারের অন্য বাজারের তুলনায় সবজির দাম বেশি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন। মনোহরদীতে সুলভ মূল্যে দুধ, ডিম ও মাংস পাওয়ার জন্য সরকারি সহায়তা কামনা করেন। রমজানে নিত্য পণ্য স্বাভাবিক রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং এর পাশা-পাশি মোবাইল কোর্ট পরিচালনা করার অনুরোধ করেন।	১। বাজারে নিত্যপণ্য সরবরাহ স্বাভাবিক রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং এবং অসাধু ব্যবসায়িদের বিরোদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার অনুরোধ করেন।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,মনোহরদী, নরসিংদী। ৩। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
১২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: আসন্ন পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ কাজ করে যাচ্ছে। বর্তমানে মনোহরদী উপজেলা মাছ, মাংস, দুধ ও ডিমে স্বয়ং সম্পূর্ণ। বাজার কমিটি নিয়মিত তদারকি করলে উক্ত পণ্যের দাম বাড়বেনা । অসাধূ মাংস ব্যবসায়িদের বিষয়ে তথ্য পেলে দ্রুত সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী পক্ষকে জানানোর অনুরোধ করেন। মাহে রমজান উপলক্ষ্যে জেলা পর্যায়ে প্রাণিসম্পদ দপ্তরের উদ্যোগে মাংস, দুধ ও ডিম বিক্রির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ব্যবসায়িদের ক্রয়কৃত পশু সন্দেহ হলে জবাইয়ের পূর্বে প্রাণিসম্পদ কর্মকর্তা ও ভ্যাটেরিনারি সার্জনকে জানানোর অনুরোধ করেন। প্রয়োজনে অসাধূ ব্যবসায়িদের বিষয়ে মোবাইল কোর্ট করার অনুরোধ জানান।	১। বাজারে জবাইয়ের উদ্দেশ্যে পশু ক্রয়ে সন্দেহ হলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। ২। আসাধু ব্যবসায়িদের বিষয় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি), মনোহরদী, নরসিংদী। ৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ৪।অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৫। সংশ্লিষ্ট বাজার কমিটি (সকল)মনোহরদী, নরসিংদী।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৩	অফিসার ইনর্চাজ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী সভায় বলেন: পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে সভায় আগত সবাইকে ধন্যবাদ জানান। মনোরহদী উপজেলার বাজার গুলোতে নিরাপত্তা জোরদার করার জন্য সংশ্লিষ্ট বাজার কমিটিকে অনুরোধ করেন। বাজারের নিরাপত্তায় পুলিশের সাথে যোগাযোগ রাখার অনুরোধ করেন। প্রতিটি বাজারে পুলিশি টহল টিম ও হোন্ডা টিম থাকবে। পণ্যের মুল্য তালিকা দৃশ্যমানে স্থানে প্রদর্শন করার অনুরোধ করেন। বাজারের নিরাপত্তায় মাইকিং করার অনুরোধ করেন। দিনের বেলায় খাবারের দোকানে পর্দা টানানোর অনুরোধ করেন। বাজারে মাংস সরবরাহের মান নিয়ন্ত্রণে প্রাণিসম্পদ কর্মকর্তার সহযোগিতা কামনা করেন। সর্বোপরি কোন অপ্রীতিকর তথ্য পেলে সংশ্লিষ্ট পক্ষকে জানানোর অনুরোধ করেন।	১। অপ্রীতিকর তথ্য পেলে নিরাপত্তার স্বার্থে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী। ২। সহকারী কমিশনার (ভূমি),মনোহরদী, রসিংদী। ৩।অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী। ৪। সংশ্লিষ্ট বাজার পরিচালনা কমিটি (সকল), মনোহরদী, নরসিংদী।
১৪	উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী সভায় নিম্নোক্ত বিষয়ের উপর গুরুত্ব প্রদান করেন: ১। প্রতিটি বাজারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বাজার মনিটরিং অব্যাহত রাখার অনুরোধ করেন। ২। পণ্য বিক্রয়ের ক্ষেত্রে অতিরিক্ত মূল্যের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। ৩। উপজেলার ন্যায় প্রতিটি বাজারে মাহে রমজান উপলক্ষ্যে সভা করার অনুরোধ করেন। ৪। প্রতিটি বাজারে বিক্রেতাগণ পণ্যের মূল্য তালিকা প্রদর্শন করবেন এবং পণ্যমূল্য বাড়লে বা কমলে তাও লিখতে হবে। ৫। বাজারের মূল্য তালিকার সাথে সভাপতি/ সাধারণ সম্পাদকের মোবাইল নাম্বার লিখে রাখতে হবে। ৬। বাজারের অবৈধ সিন্ডিকেট ভাঙ্গতে সবাইকে কাজ করতে হবে। ৭। বাজারের সভাপতি, সাধারণ সম্পাদক ও স্যানিটারি ইন্সপ্যাক্টর নিয়মিত বাজার পরিদর্শন করবেন। ৮। প্রতিটি বাজারে পর্যায়ক্রমে মোবাইল কোর্ট পরিচালনা করে হবে। ৯। নিরাপত্তার স্বার্থে প্রতিটি বাজারে পুলিশি টহল টিম, পেট্রোল টিম, পুলিশি চেকপোস্ট স্থাপনের আহ্বান করেন। ১০। রমজান মাসে জুয়া, লটারি, মেলা ও যাত্রার আয়োজন করা যাবে না। ১১। দিনের বেলায় খাবারের দোকানে পর্দার ব্যবস্থা রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত বিষয়সমূহ বাস্তবায়নে সকলের কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট (সকল)

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে আত্মশুদ্ধির জন্য এগিয়ে আসার আহ্বান জানিয়ে এবং সংযম, সততা ও ন্যায় নিষ্ঠার সাথে যার যার অবস্থানে থেকে কাজ করার অনুরোধ জানিয়ে, উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০২/২০২৫

এম.এ. মুহাইমিন আল জিহান
উপজেলা নির্বাহী অফিসার
মনোহরদী, নরসিংদী

স্মারক নম্বর: ০৫.৩০.৬৮৫২.০১২.০২.০৪৩.২৪-২০২

তারিখ: ২৬/০২/২০২৫ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, নরসিংদী
২। পুলিশ সুপার, নরসিংদী
৩। চেয়ারম্যান (সকল)..ইউনিয়ন পরিষদ, মনোহরদী, নরসিংদী।
৪। উপজেলা ....কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।
৫। সভাপতি/ সাধারণ সম্পাদক..বাজার, মনোহরদী, নরসিংদী।
৬। অফিস কপি।

২৬/০২/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
মনোহরদী, নরসিংদী